**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রক্তদানের মত অঙ্গদান সম্পর্কেও মানুষকে আরও বেশি  করে সচেতন করতে হবে।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে আজ ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ রিয়াজ হামিদুল্লা সাক্ষাত করেন|**

**(৩) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, গত ১১ বছরে ৩৪ হাজার কিলোমিটার নতুন রেলপথ স্থাপনের মাধ্যমে ভারতীয় রেল এক বিশাল রূপান্তর প্রত্যক্ষ করেছে।**

**(৪)  ক্রীড়া মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরে শহীদ বিষ্ণুপ্রসাদ গোয়ালা স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করেন।**

*********************

## ORGAN DONATION DAY CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রক্তদানের মত অঙ্গদান সম্পর্কেও মানুষকে আরও বেশি সচেতন করতে হবে। আগরতলা সরকারি মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের উদ্যোগে আজ পঞ্চদশ জাতীয় অঙ্গদান দিবস উপলক্ষে সচেতনতামূলক পদযাত্রা উপলক্ষ্যে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন তিনি। তিনি বলেন, অঙ্গদানের চিন্তাভাবনা আমরা অনেকদিন আগে থেকেই শুরু করেছি। কিডনি প্রতিস্থাপন তারই একটি অংশ। মোহন ফাউন্ডেশনের সঙ্গে অঙ্গ প্রতিস্থাপনের বিষয়ে

সরকারের মউ স্বাক্ষরিত হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন দেশে এক লক্ষ আশি হাজার মানুষ কিডনির রোগে ভুগছেন। তারমধ্যে ২০২৩ সাল পর্যন্ত ১৩ হাজার ৪২৬ টি কিডনি প্রতিস্থাপন করা হয়েছে। লিভারের ক্ষেত্রেও ১৫ থেকে ৩০ হাজারের চাহিদা রয়েছে প্রতিস্থাপন হয়েছে মাত্র ৪৪৯১ টি। তিনি অঙ্গদতাদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন ন জিবি হাসপাতালের মেডিকেল সুপার ডঃ শঙ্কর চক্রবর্তী। উপস্থিত ছিলেন স্বাস্থ্য সচিব কিরণ গিত্তে, আগরতলা মেডিকেল কলেজ এর অধ্যক্ষ প্রফেসর ডক্টর অনুপ কুমার সাহা। অনুষ্ঠান মঞ্চে কিডনি দাতা ও প্রতিস্থাপনকারী দের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। পরে রবীন্দ্র শতবার্ষিক ভবন থেকে শুরু হওয়া সচেতনতা মূলক পদযাত্রার সূচনা করেন মুখ্যমন্ত্রী।

********************

## Governor Meet:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে আজ রাজভবনে ভারতে নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার মোহাম্মদ রিয়াজ হামিদুল্লা এক সৌজন্যমূলক সাক্ষাতে মিলিত হন। আগরতলায় নিযুক্ত বাংলাদেশের অ্যাসিস্ট্যান্ট হাই কমিশনার আরিফ মোহম্মদও সেই সময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মোহাম্মদ রিয়াজ হামিদুল্লা ভারতের প্রতি বাংলাদেশ সরকারের উচ্চ আস্থা এবং পারস্পরিক সম্পর্ক আরও দৃঢ় করতে তিন দিনের ত্রিপুরা সফরে এসেছেন।

*******************

## Sushanta Choudhury INDIA BANGLADESH:

এদিকে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার রিয়াজ হামিদুল্লার রাজ্য সফরের পর আগরতলা-আখাউড়া রেল সংযোগ প্রকল্পের অগ্রগতির বিষয়ে ফলপ্রসু এবং সুদুরপ্রসারী কোন সিদ্ধান্ত

নেয়া সম্ভব হবে। আজ আগরতলায় এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে পরিবহন মন্ত্রী বলেন ভারত এবং বাংলাদেশের মধ্যে বানিজ্যিক সম্পর্ককে আরো শক্তিশালী ও ত্বরান্বিত করতে প্রায় ১ হাজার কোটি টাকা ব্যয়ে নিশ্চিন্তপুর রেল স্টেশন নির্মান করা হয়েছিল। কিন্তু বাংলাদেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপট দুদেশের বানিজ্যিক সম্পর্ককে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। তিনি আশা প্রকাশ করেছেন আগামীদিনে বাংলাদেশে নির্বাচিত সরকার এলে দু দেশের সম্পর্ক আগের মতোই সুদৃঢ় হবে।

********************

**CM, Dhalai:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, ত্রিপুরায় প্রতিভার অভাব নেই। তিনি বলেন, রাজ্যে পরিকাঠামোগত অভাব কাটিয়ে ক্রীড়া ক্ষেত্রে সার্বিক উন্নয়ন চলছে। আজ ধলাই জেলার কমলপুরে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের নতুন মাঠ ও ক্লাব হাউজের উদ্বোধন করে এ কথা বলেন মুখ্যমন্ত্রী।

########## byte CM ##########

কমলপুর কৃষ্ণচন্দ্র দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের পাশেই রয়েছে এই মাঠটি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, বিধায়ক মনোজ কান্তি দেব, টি সি এ'র সচিব সুব্রত দে সহ বিশিষ্ট জনেরা। মাঠের উদ্বোধন উপলক্ষে আয়োজিত প্রীতি ক্রিকেট ম্যাচে মুখোমুখি হয় পশ্চিমবঙ্গের বেঙ্গল টাইগার্স ও টিসিএ একাদশ। টস করে খেলার সূচনা করেন মুখ্যমন্ত্রী।

খেলায় প্রথমে ব্যাট করে বেঙ্গল টাইগার্স নির্ধারিত ১০ ওভারে ৮ উইকেটে ৬৪ রান সংগ্রহ করে। খেলায় টিসিএ একাদশ ৭ উইকেটে জয়ী হয়।

**********************

## Sushanta Choudhury:

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলা অরুন উদয় সংঘ আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করেন। তিনি রাজ্যের বিভিন্ন ব্লাড ব্যাংকগুলিতে রক্তের চাহিদা ও যোগানের মধ্যে সামঞ্জস্য বজায় রাখার জন্য স্বেচ্ছা রক্তদানের গুরুত্ব তুলে ধরেন। এই ধরনের সামাজিক কাজে ক্লাব ও সামাজিক সংস্থাগুলিকে এগিয়ে আসার আহবান জানান তিনি। আজ শিবিরে ২৯ জন রক্তদান করেন।

*******************

## Health Camp :

বড়জলার আপনা ঘর বৃদ্ধাশ্রমে আজ চক্ষু চিকিৎসা শিবিরের আয়োজন করা হয়। সামাজিক সংস্থা THE HOPE এর ব্যবস্থাপনায় এবং অবলম্বন সামাজিক সংস্থার সহযোগিতায় আয়োজিত এই শিবিরে আয়ুষ্মান ভারত প্রকল্পে অন্তর্ভুক্ত রোগীদের বিনামূল্য চোখের ছানি অপারেশন, ফেকো সার্জারির করা হয়। শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে আগরতলার পুর মেয়র দীপক মজুমদার, পশ্চিম জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার, কর্পোরেটের জগদীশ দাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

*******************

এ খবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***********************

**Ashwini Vaishnaw:**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন, গত ১১ বছরে ৩৪ হাজার কিলোমিটার নতুন রেলপথ স্থাপনের মাধ্যমে ভারতীয় রেল এক বিশাল রূপান্তর প্রত্যক্ষ করছে। আজ গুজরাটের ভাবনগর রেলওয়ে স্টেশন থেকে ভাবনগর-অযোধ্যা ক্যান্ট সাপ্তাহিক ট্রেনের সূচনা করে তিনি একথা বলেন। মন্ত্রী ভার্চুয়াল ভাবে রেওয়া থেকে পুনে এবং জবলপুর ও রায়পুরের মধ্যে আরও দুটি ট্রেনের সূচনা করেন।

ভাবনগর রেলওয়ে স্টেশনে সমাবেশে ভাষণ দিতে গিয়ে তিনি রেল নেটওয়ার্কের উন্নয়ন, আধুনিকীকরণ ও সম্প্রসারণ এবং রেলওয়েতে নিরাপত্তা ও পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। মন্ত্রী বলেন, দেশের ১৩00টি স্টেশনের পুনর্উন্নয়ন বিশ্বের সর্ববৃহৎ স্টেশন পুনর্উন্নয়ন প্রকল্প।

************************

**PM, Net zero :**

কান্ডলার দীনদয়াল বন্দর কর্তৃপক্ষ, কান্ডলা বন্দরে ভারতের প্রথম মেক-ইন-ইন্ডিয়া গ্রিন হাইড্রোজেন প্ল্যান্ট চালু করেছে। বন্দর কর্তৃপক্ষ বলেছে, এটি

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেট জিরো লক্ষ্যের দিকে একটি শক্তিশালী পদক্ষেপ। এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ X-এ কান্ডলার দীনদয়াল বন্দর কর্তৃপক্ষের এই উদ্যোগের প্রশংসা করেছেন।

***********************

**Shibraj Singh Chouhan:**

কেন্দ্রীয় কৃষি, কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ আবারও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আবেদনের উল্লেখ করে নাগরিকদের, দেশে তৈরি পণ্য কেনার আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী গতকাল বারাণসীতে প্রধানমন্ত্রী-কিষাণ সম্মান নিধির ২০তম কিস্তি বিতরণের সময় দেশবাসীকে দেশীয় পণ্য কেনার আহ্বান জানান। অর্থনীতিকে শক্তিশালী করার জন্য সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে, কেন্দ্রীয় কৃষিমন্ত্রী আজ প্রধানমন্ত্রীর আবেদন পুনর্ব্যক্ত করেছেন এবং একটি সরকারী বিবৃতিতে বলেন, আমাদের দেশের জন্য বাঁচতে হবে। তিনি বলেন, ১৪৪ কোটি জনসংখ্যার এই দেশ একটি বিশাল বাজার। যদি আমরা আমাদের দেশে তৈরি জিনিসপত্রই কিনতে এবং ব্যবহার করতে সংকল্প করি, তাহলে আমাদের কৃষক, আমাদের ক্ষুদ্র উৎপাদনকারী, স্বনির্ভর গোষ্ঠী এবং স্থানীয় কারিগর সকলেরই আয় বৃদ্ধি হবে।

**********************

**PM, Gonda :**

উত্তর প্রদেশের গোন্ডায় দুর্ঘটনায় প্রাণহানির ঘটনায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দুঃখ প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে তিনি নিহতদের আত্মীয় পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি আহতদেরদ্রুত আরোগ্য কামনা করেন। প্রধানমন্ত্রী বলেন, নিহতদের প্রত্যেকের নিকটাত্মীয়কে প্রধানমন্ত্রীর জাতীয় ত্রাণ

তহবিল থেকে দু'লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়া হবে। আহতদের ৫0 হাজার টাকা করে দেওয়া হবে বলেও তিনি জানান।

উল্লেখ্য, আজ গোন্ডায় একটি বোলেরো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে খালে পড়ে গেলে গাড়ির ১১জন যাত্রী প্রাণ হারান।

*******************

**BJP Pratapgar:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ১১ বছরের কাজকর্ম নিয়ে জনসংযোগ কর্মসূচী হাতে নিয়েছে প্রদেশ বিজেপি। আজ প্রতাপগড় মন্ডলের ৪২ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ২৩ নম্বর বুথে জনসংযোগ কর্মসূচিতে বিজেপি সদর শহর জেলার সভাপতি অসীম ভট্টাচার্য অংশ নেন। তিনি এলাকার মানুষের সামনে দেখা করে নরেন্দ্র মোদির ১১ বছরের জনকল্যাণের বিভিন্ন কাজের খতিয়ান তুলে ধরেন ও তাদের হাতে এই সংক্রান্ত লিফলেট বা ক্রোড়পত্র তুলে দেন।

*******************

**Blood donation :**

ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশনের ত্রিপুরা রাজ্য কমিটির প্রাক্তন সহ-সভাপতি তপন চক্রবর্তীর স্মরণে ডি ওয়াই এফ আই এবং টি ওয়াই এফ এর যৌথ উদ্যোগে আজ সিপিআইএম খোয়াই বিভাগীয় কমিটির কার্যালয়ে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিধায়ক নির্মল বিশ্বাস, ডি ওয়াই এফ আই এর রাজ্য কমিটির সভাপতি পলাশ ভৌমিক সহ অন্যান্য নেতৃবৃন্দ। রক্তদান শিবির উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় নেতৃবৃন্দ রক্তদানের গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন।

*******************

## Tiranga Rally:

দেশের ৮০তম স্বাধীনতা দিবস উপলক্ষে আজ জোলাইবাড়ি ব্লকের রামরাইবাড়ি হাইস্কুলের ছাত্র - ছাত্রীরা রামরাইবাড়ি বাজার এলাকায় জাতীয় পতাকা হাতে নিয়ে শোভাযাত্রা সংগঠিত করে। স্কুলের প্রধান শিক্ষক অরুণ সরকার সহ স্কুলের শিক্ষক - শিক্ষিকারাও শোভাযাত্রায় অংশ নেন।

********************

## Blood donation camp:

হিন্দু জাগরণ মঞ্চের গোমতি জেলা কমিটির উদ্যোগে আজ উদয়পুরে এক মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদয়পুর কেবি আই স্কুলে আয়োজিত এই শিবিরে মোট ৪০ জন স্বেচ্ছায় রক্ত দান করে।

********************

## Minister Tinku Roy :

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায় আজ বিকেলে কৈলাশহরের মনুভ্যালি স্কুল মাঠে আয়োজিত শহীদ বিষ্ণুপ্রসাদ গোয়ালা স্মৃতি নক-আউট প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উল্লেখ্য, সি,আর,পি,এফ-এ কর্মরত অবস্থায় জঙ্গিদের গুলিতে শহীদ হয়েছিলেন কৈলাশহরের বিষ্ণুপ্রসাদ গোয়ালা।

উদ্বোধকের ভাষনে ক্রীড়ামন্ত্রী বলেন, বর্তমান সরকারের সময়ে খেলাধূলার উন্নয়ন হচ্ছে। রাজ্যে ক্রীড়া পরিকাঠামোগত বিকাশ হচ্ছে। যুবসমাজকে মাঠমুখী করতে ও নেশামুক্ত সমাজ গঠনে সরকার কাজ করছে।

এই টূর্ণামেন্টে ১৬ টি দল অংশ নিচ্ছে। প্রাইজমানি হিসাবে চ্যাম্পিয়ন দল ৭৫ হাজার টাকা ও রানার্স দল পাবে ৫০ হাজার টাকা।

অনুষ্ঠানে আজ খেলোয়াড়দের জার্সি ও ফুটবল প্রদান করা হয়। অনুষ্ঠিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান ও। উদ্বোধনী দিনে আজ প্রদর্শনীমূলক মহিলা ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, খোয়াই, ও সিপাহীজলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি  থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২. ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৬. ৮ মিলিমিটার।

**********************